মেহেরপুরে অংশ নিচ্ছে ৮ হাজার ৯০৯ পরিক্ষার্থী

চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষা আজ রবিবার (৩০ এপ্রিল) শুরু হচ্ছে । এবার মেহেরপুর জেলার ১৫০ টি শিক্ষা প্রতিষ্ঠানের ৮ হাজার ৯০৯ জন পরীক্ষার্থী অংশ নেবে। এদের মধ্যে জেনারেল শাখায় ৭ হাজার ৩৬২ জন, কারীগরি শাখায় (ভোকেশনাল) ৯০৫ জন ও মাদ্রাসা বোর্ডের আওতায় দাখিল শাখায় ৬৪২ জন পরীক্ষার্থী অংশ নেবে।

জেলার তিনটি উপজেলায় জেনারেল শাখার জন্য ১৩টি কেন্দ্র, কারিগরী শাখা (ভোকেশনাল) ৪ টি ও মাদ্রাসা শিক্ষার্থীদের জন্য ২ টি পরীক্ষা কেন্দ্র নির্ধারণ করা হয়েছে।

মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: আব্বাস উদ্দীন এই তথ্য নিশ্চিত করেছেন।

জেলার জেনারেল শাখার কেন্দ্রগুলোর মধ্যে রয়েছে মেহেরপুর সরকারি মাধ্যমিক বালক উচ্চ বিদ্যালয় কেন্দ্র, মেহেরপুর সরকারি মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্র, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্র, আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়, গাংনী পাইলচ মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজ কেন্দ্র, গাংনী সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয় কেন্দ্র, সন্ধানী স্কুল এন্ড কলেজ কেন্দ্র, বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজ পরীক্ষা কেন্দ্র, জুগীরগোফা মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র, জুগীরগোফা সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্র, মুজিবনগর মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র, সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র, কেএন এইচ মাধ্যমিক বালিকা বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র, বামন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র, বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্র, বিপিএন বালিকা বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র, রাইপুর মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র, দাখিল শাখার দুটি কেন্দ্র হলো মেহেরপুর দারুল উলুম আহমাদিয়া দাখিল মাদ্রাসা পরীক্ষা কেন্দ্র ও গাংনী ছিদ্দিকিয়া সিনিয়র আলীম মাদ্রাসা।

কারিগরী শাখার (ভোকেশনাল) পরীক্ষা কেন্দ্র গুলোর মধ্যে রয়েছে,

মেহেরপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ পরীক্ষা কেন্দ্র, গাংনী পাইলট বিদ্যালয় এন্ড কলেজ, সন্ধানী স্কুল এন্ড কলেজ পরীক্ষা কেন্দ্র, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ পরীক্ষা কেন্দ্র।

পরীক্ষা সুষ্ঠ,নকলমুক্ত শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা সমাপ্ত করার লক্ষে তিন উপজেলার তিনটি ভিজিলেন্স টিম গঠণ করা হয়েছে। জেলা পর্যায়ে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইটি) প্রধান করে ৫ সদস্যের একটি ভিজিলেন্স টিম গঠণ করা হয়েছে। কমিটির অন্যান্য সদস্যরা হলেন, মেহেরপুর সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: আব্বাস উদ্দীন, মেহেরপুর কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ ও মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন।

এদিকে, জেলা ম্যাজিষ্ট্রেট মোহাম্মদ আজিজুল ইসলাম এসএসসি কেন্দ্রগুলোর আশেপাশে ১৪৪ ধারা জারি করেছেন এবং সকল কোচিং সেন্টার একমাস বন্ধ রাখার নির্দেশ দেন।